# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 31.08.2024 Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) কর্তব্যরত অবস্থায় চিকিৎসক পড়ুয়াকে ধর্ষণ ও খুনের ঘটনায় রাজ্যজুড়ে প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত।

দ্রুত তদন্তের দাবি নিয়ে ডাক্তারদের যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যার্টফর্ম অফ ডক্টর্স ওয়েস্ট বেঙ্গল-এর প্রতিনিধিরা আজ সি বি আই-এর আধিকারিদের সঙ্গে সাক্ষাৎ করেছেন।

২) পুলিশ কমিশনার বিনীত গোয়েলের পদত্যাগের দাবিতে লালবাজার অভিযানের ডাক দিয়েছে জুনিয়ার চিকিৎসকেরা।

৩) প্রধানমন্ত্রী বলেছেন, বর্তমান সময়ে সমাজে নারী ও শিশু নীপিড়ন গভীর উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে।

৪) কলকাতা শহর ও শহরতলির মধ্যে বিপজ্জনক অস্ত্র নিয়ে আনাগোণাতে নিষেধাজ্ঞা জারি করেছে কলকাতা পুলিশ।

৫) মনোজ পন্থ রাজ্যের নতুন মুখ্য সচিব হচ্ছেন।

৬) রাজ্য সরকার তরুণের স্বপ্ন প্রকল্পের আওতায় এবছর ১৬ লক্ষ পড়ুয়াকে স্মার্ট ফোন বা ট্যাব কেনার টাকা দেবে।

৭) মোহনবাগান সুপার জায়ান্টকে হারিয়ে ডুরান্ড কাপে জয় নর্থ ইস্ট ইউনাইটেড।

oooooooooooooooooooooooooooo

আর জি কর কান্ডে দ্রুত তদন্তের দাবি নিয়ে ডাক্তারদের যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স ওয়েস্ট বেঙ্গল-এর কয়েকজন প্রতিনিধি আজ সিজিও কমপ্লেক্সে যান। তারা সিবিআই আধিকারিকদের সঙ্গে দেখা করে রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজের ডাক্তারদের হুমকি দেওয়ার বিষয়টি জানিয়েছেন। প্রতিনিধি দলে ছিলেন ডাক্তার অরিন্দম ভট্টাচার্য, ডাক্তার সুদীপ্ত চক্রবর্তী এবং ডাক্তার কৌশিক চাকি। রাজ্যে স্বাস্থ্য ক্ষেত্রে ব্যাপক দুর্নীতি চলছে বলে অভিযোগ তুলেছেন চিকিৎসকরা। সাংবাদিকদের কাছে ডক্টর কৌশিক চাকি বলেন -

(বাইট – কৌশিক চাকি)

ডাক্তারদের যৌথ মঞ্চ আজ মেডিকেল কাউন্সিলের সামনে থেকে সিজিও কমপ্লেক্স পর্যন্ত মিছিল করে।

oooooooooooooooooooooooo

আর জি করে বিশেষ অভয়া ক্লিনিক চালু করে টেলি মেডিসিন পরিষেবা দিচ্ছেন জুনিয়র ডাক্তাররা।

আগামী সোমবার, দোসরা সেপ্টম্বর লালবাজার অভিযানের ডাক দিয়েছেন জুনিয়ার চিকিৎসকরা। পুলিশ কমিশনার বিনীত গোয়লের পদত্যাগের দাবিতে দুপুর ২ - টোয় কলেজ স্কোয়ারে জমায়েত করে লালবাজার অভিমুখে যাবেন তারা।

যাদবপুর হাইস্কুলের প্রাক্তনীরাও আজ ওই চত্বরে মিছিলে সামিল হন। যাদবপুর বিদ্যাপীঠের প্রাক্তনীদের মিছিলের পুরভাগে ছিলেন, কান্তি গাঙ্গুলী।

বেথুন, শ্রীশিক্ষায়াতন সহ উত্তর কলকাতার একাধিক বিদ্যালয়ের প্রাক্তন পড়ুয়ারা প্রতিবাদ মিছিলে যোগ দিয়েছেন।

শিক্ষক-শিক্ষিকাদের একটি মিছিল শিয়ালদা মেট্রো স্টেশন থেকে শুরু হয়ে শ্যামবাজার পর্যন্ত যাওয়ার কথা থাকলেও খান্নায় পুলিশ তাদের আটকে দেয়। সেখানেই বসে তারা বিক্ষোভ দেখাচ্ছেন।

বিচারের দাবিতে কলকাতা শহরের বিভিন্ন মোড়ে প্রতিবাদ সভা করছে তৃণমূল কংগ্রেস।

ধর্মতলায় বিজেপির ধর্ণা অবস্থান আজ তৃতীয় দিনে পড়ল। আগামী সোমবার মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে রাজ্য জুড়ে জেলাশাসকের দপ্তর ঘেরাও করবে তারা।

এছাড়াও নাগরিক সমাজ এবং বিভিন্ন সংগঠনের পক্ষ থেকেও দিকে দিকে চলছে প্রতিবাদ কর্মসূচী।

পরিবেশ সংগঠন সবুজ মঞ্চের পক্ষ থেকে আগামী তেসরা সেপ্টেম্বর হাজরা মোড়ে অবস্থান বিক্ষোভ কর্মসূচী পালন করা হবে।

oooooooooooooooooooooooooooo

এদিকে রাজ্যের বিভিন্ন জেলাতেও আর জি কর কান্ডের প্রতিবাদে বিক্ষোভ ও মিছিল অব্যাহত।

উত্তর ২৪ পরগনার বারাসাতে বামপন্থী শ্রমিক সংগঠনের পুলিশ সুপার অফিস ঘেরাও অভিযানকে কেন্দ্র করে আজ ব্যাপক উত্তেজনা ছড়ায়। পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের ধস্তাধস্তি হয়। পরে ১২ নম্বর জাতীয় সড়ক অবরোধ করেন বাম কর্মী সমর্থকরা।

বনগাঁতে বিভিন্ন কলেজের প্রাক্তনীরা আজ প্রতিবাদ মিছিল করেন।

হাওড়াতে মৌন মিছিলে সামিল হন সাংবাদিকরা।

কোচবিহারের তুফানগঞ্জে আজ এসএফআই- ডিওয়াইএফআই-এর মিছিলকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা ছড়ায়। মিছিল চলাকালীন তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকদের সঙ্গে বাম কর্মী সমর্থকদের হাতাহাতি বাধে।

নদীয়ার কৃষ্ণনগর, রানাঘাট সহ একাধিক স্থানে আর জি কর কান্ডে দ্রুত বিচারের দাবিতে তৃণমূল কংগ্রেস আজ মিছিল করে। কৃষ্ণনগরের মিছিলে যোগ দেন রাজ্যের মন্ত্রী উজ্জ্বল বিশ্বাস।

oooooooooooooooooooooooo

এদিকে, মালদা মেডিকেল কলেজের জুনিয়ার ডাক্তাররা আজ কাজে যোগ দিয়েছেন। প্রায় আড়াইশো জুনিয়ার চিকিৎসক , হাউস স্টাফ ও ইন্টার্নরা এতো দিন কর্ম বিরতি চালিয়ে যাচ্ছিলেন। কর্তৃপক্ষের সঙ্গে আলোচনার পর আজ সকালে এমার্জেন্সি, ট্রমা কেয়ার, ইন্ডোর, আউডোর সহ বিভিন্ন বিভাগে কাজে যোগ দেন তারা। তবে, এখনও ওপিডি এবং প্ল্যানড অপারেশন না করার সিদ্ধান্তে অনড় চিকিৎসকরা।

oooooooooooooooooooooooo

নবান্ন অভিযানের অন্যতম আহ্বায়ক পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের প্রতিনিধি সায়ন লাহিড়ীর মুক্তির বিরোধিতায় সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার। অন্যদিকে সায়নের পরিবারের তরফেও সুপ্রিম কোর্টে ক্যাভিয়েট দাখিল করা হয়েছে। গতকাল কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা সায়ন লাহিড়ীকে শনিবারের মধ্যে মুক্তি দেওয়ার নির্দেশ দিয়েছিলেন। সেই মতো আজ তাঁকে মুক্তি দেওয়া হয়। নবান্ন অভিযানে বিশৃঙ্খলার সৃষ্টির কারণে তাঁকে গ্রেফতার করেছিল পুলিশ।

oooooooooooooooooooooooo

প্রদেশ কংগ্রেস সভাপতি  অধীর চৌধুরী আজ দুপুরে পানিহাটিতে নির্যাতিতার বাড়িতে গিয়ে তাঁর বাবা-মায়ের সঙ্গে কথা বলেন। সাংবাদিকদের তিনি বলেন, নির্যাতিতার দেহ দ্রুত সৎকারের জন্য তাঁর বাবাকে পুলিশের তরফে টাকার প্রস্তাব দেওয়া হয়েছিল। এই নির্মমতা ও নিষ্ঠুরতা বাংলার আবেগকে বিদ্ধ করেছে।

(বাইট)

এরপর শ্রী চৌধুরী, আর জি কর হাসপাতালে গিয়ে আন্দোলনরত চিকিৎসকদের সঙ্গেও দেখা করেন। পুলিশের কড়া সমালোচনা করে তিনি বলেন, 'নিহত নির্যাতিতার পরিবারকে কার্যত একঘরে করে রাখা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বর্তমান সময়ে সমাজে নারী ও শিশু নিপীড়ন গভীর উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে। নারী সুরক্ষায় দেশে নানা কঠোর আইন তৈরি করা হয়েছে, কিন্তু সেগুলির আরো সক্রিয় প্রয়োগ দরকার। আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে বিচারক দের জাতীয় সম্মেলনে ভাষণে তিনি বলেন-

বাইট

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী রামদাস আঠাওয়ালে আর জি করের ঘটনার তীব্র নিন্দা করেছেন। কলকাতায় আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, এর সঙ্গে যারা জড়িত তাদের মৃত্যুদণ্ডও কঠোর শাস্তি হওয়া উচিৎ। শ্রী আঠাওয়ালে আজ কলকাতায় নেশামুক্তি অভিযান শীর্ষক একটি অনুষ্ঠানে যোগ দেন। ছাত্র-যুব সমাজকে নেশামুক্ত করতে কেন্দ্রীয় সরকার দেশের ২৬২-টি জেলায় নেশামুক্তি অভিযান শুরু করেছে। শ্রী আঠাওয়ালে বলেন, বাজেটে সরকার এরজন্য ১ লক্ষ ৬৫ হাজার ৪৯২ কোটি টাকারও বেশি বরাদ্দ করেছে। পশ্চিমবঙ্গ সরকার প্রকল্পের জন্য প্রস্তাব দিলে কেন্দ্রীয় সরকারী সহায়তা মিলবে বলেও তিনি জানান।

(বাইট – আঠাওয়ালে)

কেন্দ্রীয় মন্ত্রী বিকেলে রাজভবনে ভগবান মহাবীরের নির্বান দিবস উপলক্ষে শান্তি ও অহিংসার উপর আয়োজিত এক আলোচনাচক্রে অংশ নেন। রাজ্যপাল সিভি আনন্দ বোস এক ভিডিও বার্তা দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা শহর এবং শহরতলীর মধ্যে বিপজ্জনক অস্ত্র নিয়ে আনাগোনাতে নিষেধাজ্ঞা জারি করল কলকাতা পুলিশ। প্রকাশ্যে বল্লম, তলোয়ার, সড়কি, বন্দুক সহ সমস্ত আক্রমণাত্মক অস্ত্রের ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। ১লা সেপ্টেম্বর

**থেকে আগামী বছরের ২৮শে ফেব্রুয়ারি অর্থাৎ ছয় মাস পর্যন্ত এই নিষেধাজ্ঞা জারি থাকবে বলে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।**

ooooooooooooooooooooo

রাজ্যের নতুন মুখ্য সচিব হলেন মনোজ পন্থ। তিনি ভগবতী প্রসাদ গোপালিকার স্থলাভিষিক্ত হলেন। আজই শ্রী গোপালিকার কার্যকালের মেয়াদ শেষ হয়েছে। বিদায়ী মুখ্য সচিবের মেয়াদ বৃদ্ধিতে দিল্লির ছাড়পত্র মেলেনি বলে খবর।

oooooooooooooooooooooo

রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া ও প্রাক্তনীদের রাতজাগা কর্মসূচীর মধ্যে মদ্যপ অবস্থায় বাইক নিয়ে ঢুকে পড়ার অভিযোগে ধৃত সিভিক ভলান্টিয়ার গঙ্গাসাগর গোন্দ-কে আজ শিয়ালদা আদালতে তোলা হলে –সোমবার পর্যন্ত জেল হেফাজত হয়েছে।

ইতমধ্যে তাকে দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে বলে খবর। ওই ঘটনার প্রতিবাদে আন্দোলনকারীরা আজ সকাল পর্যন্ত সিঁথির মোড়ে বিটি রোড অবরোধ করেন।

এদিকে, সিভিক ভলান্টিয়ারদের নিয়োগ নিয়ে প্রশ্ন তুলেছেন বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায়। কিসের ভিত্তিতে তাদের কাজ দেওয়া হয়, সেই নিয়ে আর টি আই করা উচিত বলে মন্তব্য করেছেন তিনি।

(বাইট – লকেট)

এদিকে, এই ঘটনা প্রসঙ্গে রাজ্যের পুর ও নগরোন্নয়নমন্ত্রী, তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম বলেন, সব সিভিক ভলান্টিয়ার খারাপ নয়, ২-১ জন দোষ করেছে, যাদের আইন অনুযায়ী সাজা হবে।

(বাইট – ফিরহাদ)

সিবিআই-এর তদন্ত দ্রুত শেষ করা ও ন্যায় বিচারের দাবিতে আজ একবালপুরে অবস্থান বিক্ষোভ কর্মসূচিতে যোগ দেন ফিরহাদ হাকিম।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার তরুণের স্বপ্ন প্রকল্পের আওতায় এবছর ১৬ লক্ষ পড়ুয়াকে স্মার্ট ফোন বা ট্যাব কেনার জন্য টাকা দেবে। আগামী ৫-ই সেপ্টেম্বর শিক্ষক দিবসের দিন রাজ্য সরকারের তরফে পড়ুয়াদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ১০ হাজার টাকা করে দেওয়ার প্রক্রিয়া শুরু হবে। ওই দিন কলকাতায় শিক্ষক দিবসের অনুষ্ঠানে যোগ দেবেন মুখ্যমন্ত্রী। সেখানে তিনি প্রতিকী অর্থ তুলে দেবেন ছাত্র-ছাত্রীদের হাতে। এবছর একাদশ ও দ্বাদশ শ্রেণীর পড়ুয়াদের ট্যাব কেনার টাকা দেওয়া হচ্ছে। আগামী বছর থেকে শুধুমাত্র একাদশ শ্রেণীর পড়ুয়ারাই এই টাকা পাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিলিগুড়ির নরসিংহ বিদ্যাপীঠের শিক্ষক আশিষ কুমার রায় এবারের জাতীয় শিক্ষকের পুরস্কার পাচ্ছেন। আগামী ৫-ই সেপ্টেম্বর তিনি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর হাত থেকে পুরস্কার গ্রহণ করবেন। বিদ্যালয়ের বই-এর বাইরেও যে বিশাল জগৎ রয়েছে, সেবিষয়ে আশিষবাবু হাতে কলমে ছাত্র-ছাত্রীদের শেখাচ্ছেন। জাতীয় পুরস্কার পেয়ে অত্যন্ত আনন্দিত তিনি।

(বাইট - আশিষ কুমার)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

গ্রন্থাগার সম্পর্কে জনসচেতনতা বাড়াতে আজ রাজ্যে যথোচিত গুরুত্ব দিয়ে সাধারণ গ্রান্থাগার দিবস উদযাপিত হচ্ছে। আলিপুরে জাতীয় গন্থাগারের ভাষাভবনে অনুষ্ঠানের সূচনা করেন রাজ্যের পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায়। গন্থাগার পরিষেবা সুফল যাতে সাধারণ মানুষ পেতে পারেন, সেই উদ্দেশ্যে আরও প্রয়াস চালানোর কথা বলেন তিনি। গ্রান্থাগার দফতরের মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরী বলেন, দফতরে ৮৩৮ জন কর্মী নিয়োগের ছাড়পত্র মিলেছে। ইতোমধ্যেই ৩-শোজনকে নিয়োগপত্রও দিয়ে দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মোহনবাগান সুপারজায়ান্টকে টাইব্রেকারে ৪-৩ গোলে হারিয়ে নর্থ ইস্ট ইউনাইটেড এফসি ১৩৩ তম ডুরান্ড কাপ ফুটবলের চ্যাম্পিয়ন হয়েছে। যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ তীব্র উত্তেজনাপূর্ণ ফাইনালে নির্ধারিত সময়ে ম্যাচ ২-২ গোলে শেষ হয়। বিরতিতে মোহনবাগান ২-০ গোলে এগিয়ে ছিলো। মোহনবাগানের পক্ষে জেসন কামিন্স ও সাহাল আব্দুল সামাদ। দ্বিতীয়ার্ধে আজারাইয়ে ও গুলেরমোর গোল করে নর্থ ইস্ট ইউনাইটেডের হয়ে খেলায় সমতা ফেরান। এরপর ম্যাচ টাইব্রেকারে গড়ায়। টাইব্রেকারে নর্থ ইস্টের গোলরক্ষক গুরমিত সিং দুটি শট বাঁচিয়ে দলকে কাঙ্খিত জয় এনে দেন। এদিন মাঠে আরজিকর কাণ্ডে ন্যায় বিচারের দাবিতে সবুজ মেরুন সমর্থকরা গ্যালারিতে টিফো প্রদর্শন করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০